

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-১
www.lawjusticediv.gov.bd


নং-১০.০০.০০০০.১২৫.৯৯.০০১.১৭.১৩২

তারিখঃ ০৫ ফাল্গুন ১৪২৫ বঙ্গাব্দ
১৭ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের নির্বাচনে বিরোধ সংক্রান্ত দরখাস্ত নিষ্পত্তির লক্ষ্যে “নির্বাচনি ট্রাইব্যুনাল” গঠনের নিমিত্ত বিচার বিভাগীয় কর্মকর্তা মনোনয়ন প্রসঙ্গে।

সূত্রঃ বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়ের ৩০ জানুয়ারি ২০১৯ খ্রিঃ তারিখের ১৭.০০.০০০০.০৪৫.৩৭.০১০.১৬-১১৬ নম্বর পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে আগামী ২৮ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার নির্বাচন কমিশন কর্তৃক ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়রের শূন্যপদে এবং ৯ ও ২১নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলরের শূন্যপদে উপনির্বাচন এবং উহার সম্প্রসারিত অংশে নবগঠিত ওয়ার্ডের ১৩ থেকে ১৮নং সংরক্ষিত আসনের ও ৩৭ থেকে ৫৪ নং সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচন এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের সম্প্রসারিত অংশে নবগঠিত ওয়ার্ড ২০ থেকে ২৫নং সংরক্ষিত আসনের ও ৫৮ থেকে ৭৫নং সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচনি বিরোধ সংক্রান্তে দায়েরকৃত নির্বাচনি দরখাস্ত গ্রহণ, গুনানি ও নিষ্পত্তির লক্ষ্যে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ৩৮ অনুযায়ী “নির্বাচনি ট্রাইব্যুনাল” গঠনের নিমিত্ত ঢাকা জজশীপের প্রথম যুগ্ম জেলা জজ আদালতে কর্মরত যুগ্ম জেলা জজ-কে মনোনয়ন প্রদান করা হলো।


(মোঃ শাহাবুদ্দিন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৪৩১।

সচিব
নির্বাচন কমিশন
বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়
আগারগাঁও, ঢাকা।
[দৃঃ আঃ উপসচিব (আইন)]।

সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ২। জেলা ও দায়রা জজ, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৪। যুগ্ম জেলা ও দায়রা জজ, ১ম আদালত, ঢাকা।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, কক্ষ নং-৫০৩, সিএজি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৭। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৮। গার্ডফাইল।
- ৯। অফিস কপি।